

\*মৌন মিছিল এবং রাথী বন্ধন\* :

এক কঠিন সময়ের মধ্যে আমরা দাঁড়িয়ে আছি। আর জি কর হাসপাতালের ঘটনা আমাদের সকলকে বিভিন্ন প্রশ্নের সম্মুখীন করেছে। আমরা সকলে স্তম্ভিত, ক্রুদ্ধ এবং খানিকটা অসহায়।

এমতাবস্থায় আমাদের দাবী: "বিচার চাই", "শাস্তি চাই" এবং "নিরাপত্তা চাই"।

এই দাবীকে সামনে রেখে আমরা অর্থাৎ রহড়া মিশন এবং ভবনাথ বিদ্যালয়ের প্রাক্তনী রা যৌথভাবে আগামী ১৯ আগষ্ট, সোমবার রাথী বন্ধনের দিন সন্ধ্যা ছটার সময় এক প্রতিবাদী মৌন মিছিলের আয়োজন করতে চলেছি। সকলকে অনুরোধ দল - মত - ধর্ম - বর্ণ সমস্ত ভেদাভেদ ভুলে আমাদের সাথে পায়ের পা মেলানোর। ভাই, বন্ধু, বোন, স্বামী, স্ত্রী, মা, বাবা, সন্তান সকলকে নিয়ে আসুন আমরা পায়ের পা মিলিয়ে অভয়া - র জন্য বিচার চাই। মিছিল শেষে আমরা নারী পুরুষ নির্বিশেষে রাথী বন্ধন পালন করব। এই বন্ধন হোক মনুষ্যত্বের বন্ধন। এই লড়াই হোক অন্যায়ের বিরুদ্ধে ন্যায়ের, অমানবিকতার বিরুদ্ধে সম্মানজনক সহাবস্থানের।

\*কালো ব্যাজ সহ মৌন মিছিল এবং রাথী বন্ধন:\*

স্থান: মিশনের মন্দির গেট

সময়: সন্ধ্যা ৬ টা

দিন: ১৯ শে আগষ্ট

সকলে এসো। সাথে সহমর্মীদের অনুরোধ করো আসতে।

সকলকে অনুরোধ কোনো প্রকার রাজনৈতিক পতাকা বা স্লোগান এই মিছিলে ব্যবহার করবেন না।

আমরা শুধুমাত্র কালো পতাকা এবং কালো ব্যাজ ব্যবহার করব। মিছিলটি মৌন মিছিল, তাই স্লোগানের ব্যবহারে আমরা বিরত থাকব।

আশেপাশের বিদ্যালয়ের প্রাক্তনীদেও আমরা অনুরোধ করব আমাদের সাথে যোগ দেওয়ার জন্য।

অনুরোধে:

১. রহড়া রামকৃষ্ণ মিশন এলামনি এসোসিয়েশন

এবং

২. রহড়া ভবনাথ ইনস্টিটিউশন ফর গার্লস এলামনি এসোসিয়েশন